1SS College website এবং Digital Notice Board এ দিন। Buddin 06/9/25

# কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর
## জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নং- ৪৮(০০৭)জাতীঃবিঃ/ক:ম:ই:/শি:বৃ:/২০২৩/১/১৬১

তারিখ : ১৪ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ২৯ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অধ্যক্ষ
অধিভুক্ত সকল কলেজ

বিষয়: **জুলাই শহিদ স্মৃতি শিক্ষাবৃত্তি জাতীয় বিশ্ববিদ্যালয় এর জন্য শিক্ষার্থীদের তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

মহোদয়
জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজসমূহের স্নাতক (পাস), স্নাতক (সম্মান), প্রিলি টু মাস্টার্স ও স্নাতকোত্তর কোর্সে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীদের পূর্ববর্তী বর্ষের ফলাফলের ভিত্তিতে 'জুলাই শহিদ স্মৃতি শিক্ষাবৃত্তি জাতীয় বিশ্ববিদ্যালয়-২০২৫' প্রদান করা হবে। (ক) বিশেষ চাহিদাসম্পন্ন সকল শিক্ষার্থী এবং (খ) আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থীদের তালিকা শিক্ষাবৃত্তির নিয়মাবলী অনুযায়ী আগামী ৩০-০৯-২০২৫ তারিখের মধ্যে নিম্নবর্ণিত লিংকে প্রবেশ করে প্রয়োজনীয় কাগজপত্র আপলোডপূর্বক প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

স্নাতক (পাস) ২য় বর্ষ ২০২১-২২ ও ২০২২-২৩ শিক্ষাবর্ষ; স্নাতক (পাস) ৩য় বর্ষ ২০২০-২১ শিক্ষাবর্ষ; স্নাতক (সম্মান) ২য় বর্ষ ২০২২-২৩ শিক্ষাবর্ষ, স্নাতক (সম্মান) ৩য় বর্ষ ২০২১-২২ শিক্ষাবর্ষ, স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষ ২০২০-২১ শিক্ষাবর্ষ (৩য় বর্ষের ফলাফলের ভিত্তিতে); মাস্টার্স প্রিলিমিনারী ২০২০-২১ শিক্ষাবর্ষ ও অনার্সের ফলাফলের ভিত্তিতে স্নাতকোত্তর ২০২২-২৩ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীগণ কলেজের মাধ্যমে আবেদন করতে পারবে।

বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী ব্যতীত বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কোর্স মিলে কলেজে শিক্ষার্থীর সংখ্যা ০১ জন হতে ৫০০ পর্যন্ত ০২ জন, ৫০১ হতে ৫০০০ পর্যন্ত ০৫ জন এবং ৫০০১ হতে তদুর্ধ্ব পর্যন্ত ১০ জন শিক্ষার্থীকে বছরে এককালীন বৃত্তির জন্য সুপারিশ করা যাবে।

**Web Link:** College Portal (http://collegeportal.nu.ac.bd) গিয়ে College Login করে "শিক্ষাবৃত্তি তথ্যছক" Link-এ ক্লিক করে তথ্য ছক পূরণ করতে হবে।

বিঃদ্রঃ College Portal (http://collegeportal.nu.ac.bd) গিয়ে College Login করে শিক্ষাবৃত্তি অপশন হতে শিক্ষাবৃত্তি নিয়মাবলী পাওয়া যাবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

২৯/০৭/২৫

(মোঃ সাহাব উদ্দিন আহাম্মদ)
পরিচালক (ভারপ্রাপ্ত)
কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর
যোগাযোগ: ০১৭৭৭ ৭৮৯০৪৭
ই-মেইল: collegemonitoring@nu.ac.bd

স্মারক নং- ৪৮(০০৭)জাতীঃবিঃ/ক:ম:ই:/শি:বৃ:/২০২৩/১/১৬১

তারিখ : ১৪ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ২৯ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. সকল বিভাগীয় প্রধান/পরিচালক, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় [পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও কলেজসমূহের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ]
৪. পরিচারক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় [পত্রটি প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ায় প্রচারের অনুরোধসহ]
৫. পরিচালক, আঞ্চলিক কেন্দ্র সমন্বয় দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় [পত্রটি আঞ্চলিক কেন্দ্রে অবহিতকরণের অনুরোধসহ]
৬. পরিচালক ও সচিব, ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত), ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়